

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজিএ/মেম্বারশীপ/২০২৪/ 215

১৮ ডিসেম্বর ২০২৪

## সকল সম্মানিত সদস্য/সহযোগী সদস্যদের জন্য

বিষয়ঃ বিজিএমইএ'র সদস্য/সহযোগী সদস্যদের আইডি কার্ড প্রদান প্রসঙ্গে।

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্য/সহযোগী সদস্যদের জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে সদস্যদের আইডি কার্ড ইস্যু কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিজিএমইএ'র সদস্যগণ ১ জানুয়ারি ২০২৫ থেকে আইডি কার্ডের জন্য আবেদন করতে পারবেন।

আইডি কার্ডের জন্য নিম্নোক্ত তথ্যগুলো ইংরেজীতে পূরণ করে আবেদন পত্রটি বিজিএমইএ'র মহাসচিব বরাবর কোম্পানীর লেটার হেড প্যাডে জমা দিতে হবেঃ

1. Name of Member :
2. Designation :
3. Name of Unit :
4. Reg. No. :
5. Blood Group :
6. Telephone No. :
7. Mobile No. :
8. E-Mail ID :

নিয়মাবলীঃ-

১. লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর শেয়ার হোল্ডার ডিরেক্টরগণ, প্রোপাইটরশীপের ক্ষেত্রে প্রোপাইটরগণ এবং পার্টনারশীপের ক্ষেত্রে পার্টনারগণ বিজিএমইএ থেকে মেম্বার আইডি কার্ড সংগ্রহ করতে পারবেন।
২. প্রতিটি আইডি কার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা জমা করতঃ মানি রিসিপ্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩. মেম্বার আইডি কার্ডের জন্য ২ কপি আবেদন পত্র দাখিল করতে হবে। প্রতিটি আবেদন পত্রের সাথে ১টি করে পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
৪. আবেদন পত্রের সাথে লিমিটেড কোম্পানী হলে Memorandum and Articles of Association, প্রোপাইটরশীপের ক্ষেত্রে Trade License এবং পার্টনারশীপের ক্ষেত্রে Partnership Deed জমা দিতে হবে।
৫. আবেদন পত্রটি অবশ্যই প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর /পার্টনার দ্বারা স্বাক্ষরিত হতে হবে এবং প্রতিষ্ঠানের সীল থাকতে হবে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব